ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-১০৯৪

জিরানীয়া, ৭ জুন, ২০২৫

**বিকশিত কৃষি সংকল্প অভিযানের অঙ্গ হিসেবে জিরানীয়া মহকুমার বিভিন্ন স্থানে আলোচনা সভা ও মতবিনিময় অনুষ্ঠান**

বিকশিত কৃষি সংকল্প অভিযানের অঙ্গ হিসেবে কৃষিরথ গত ৩ জুন থেকে ৫ জুন পর্যন্ত জিরানীয়া মহকুমার বিভিন্ন স্থান পরিক্রমা করে। এরমধ্যে ৩ জুন কৃষিরথ মজলিশপুর গ্রাম পঞ্চায়েত, মোহনপুর গ্রাম পঞ্চায়েত এবং হরিজয় চৌধুরীপাড়া গ্রাম পঞ্চায়েতে পরিক্রমণ করে। পরিক্রমণের সময় সেখানে আয়োজিত হয় আলোচনা সভা ও কৃষকদের সঙ্গে মতবিনিময় অনুষ্ঠান। অনুরূপভাবে ৪ জুন কোবরা খামার গ্রাম পঞ্চায়েতে, রাণীরবাজার গীতাঞ্জলি হলে ও জয়নগর গ্রাম পঞ্চায়েতে এবং ৫ জুন কৃষ্ণনগর গ্রাম পঞ্চায়েতে, উত্তর মজলিশপুর গ্রাম পঞ্চায়েতে এবং চম্পকনগরে হারাধন স্মৃতি কমিউনিটি হলে আলোচনা সভা ও মতবিনিময় অনুষ্ঠান আয়োজিত হয়। প্রতিটি স্থানে সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের জনপ্রতিনিধিগণ, নগর পঞ্চায়েত ও পুর পরিষদের চেয়ারপার্সন, ভাইস চেয়ারপার্সন, কৃষি, মৎস্য, প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের আধিকারিকগণ সহ কৃষি বিজ্ঞানীগণ উপস্থিত ছিলেন। জিরানীয়া কৃষি মহকুমার কৃষি তত্ত্বাবধায়ক সোমেন কুমার দাস এই সংবাদ জানিয়েছেন।

******